



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



৫ম আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতার উদ্বোধন



১৫ অক্টোবর ২০২৩-রবিবার কলা ভবন সংলগ্ন মাঠে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৩-২০২৪ (ছাত্র-ছাত্রী) এর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় তিনি বলেন, “আমাদের অনেক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও বিভিন্ন জাতীয় প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। একাডেমিক কারিকুলামের পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক অঙ্গনে আমাদের শিক্ষার্থীরা কৃতিত্বের স্বাক্ষর রেখে চলছে।” ক্রীড়া উপ-কমিটি (ভলিবল, বাস্কেটবল ও হ্যান্ডবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম।

এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান সহ প্রতিযোগিতার উপ-



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



কমিটির অন্যান্য সদস্যবৃন্দ এবং বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক এস এম আকতার হোসেন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য প্রতিযোগিতাটি আগামী ১৯ অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে।